

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.০০০.১৮.০০৪.২১.১৪

তারিখ: ২ আষাঢ়, ১৪২৯

১৬ জুন ২০২২

বিষয়: ২০২১-২২ অর্থবছরে রাজস্ব ব্যবস্থাপনায় G2P পেমেন্ট সিস্টেমে উপবৃত্তি সুবিধাভোগী মা/অভিভাবকের মোবাইল একাউন্টে উপবৃত্তি বিতরণের চাহিদা দাখিলকরণ, যাচাইকরণ ও অনুমোদন প্রসঙ্গে।

সূত্র: i) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০.০০০০.০০৬.২২.০০১.২১-৫২, তারিখ: ১৩/০২/২০২২
ii) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০.০০০০.০০৬.২২.০০১.২১-১৮৯, তারিখ: ১৫/০৬/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতায় রাজস্ব ব্যবস্থাপনায় উপবৃত্তি সুবিধাভোগী মায়েদের মোবাইল একাউন্টে ২০২১-২২ অর্থবছরের উপবৃত্তির অর্থ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের (i) নং সূত্রোক্ত স্মারক মোতাবেক ইতোপূর্বে প্রেরিত প্রাথমিক শিক্ষা উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা, ২০২১ অনুযায়ী বিতরণের নির্দেশনা রয়েছে (সংলাগ-১)। উক্ত নির্দেশিকার ১০ নং অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক পরিবীক্ষণ ও মূল্যায়ন পদ্ধতিসহ সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের কর্মপরিধি বিস্তারিত উল্লেখ করে প্রাথমিক শিক্ষা উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন অপারেশনাল ম্যানুয়াল, ২০২১ (ii) নং সূত্রোক্ত স্মারক মোতাবেক প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে (সংলাগ-২)। সুবিধাভোগীদের উপবৃত্তির চাহিদা দাখিলের জন্য PESP MIS পোর্টালে Demand Page প্রস্তুত করা হয়েছে মর্মে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের BACS & iBAS++ কর্তৃক জানানো হয়েছে। উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক ডাটা অনুমোদনের পর সংশ্লিষ্ট প্রধান শিক্ষক PESP MIS পোর্টালে Demand Page-এ চাহিদা দাখিল করবেন। অতঃপর সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক যাচাইকরণের পর উপজেলা/থানা শিক্ষা অফিসার তা যাচাই-বাছাই করে বিল প্রস্তুতের জন্য চাহিদার অনুমোদন প্রদান করবেন। ২০২১-২২ অর্থবছরের সমাপ্তি অতি সন্নিকটে বিধায় বর্ণিত কার্যক্রমটি জরুরী ভিত্তিতে গ্রহণ করা আবশ্যিক।

০২। এমতাবস্থায়, প্রাথমিক শিক্ষা উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা, ২০২১ এবং প্রাথমিক শিক্ষা উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন অপারেশনাল ম্যানুয়াল, ২০২১ অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের উপবৃত্তি বিতরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিচালনার জন্য এতদসঙ্গে অনুমোদিত নির্দেশিকা এবং অপারেশনাল ম্যানুয়াল প্রেরণ করা হলো। এর আলোকে তাঁর উপজেলার যে সকল বিদ্যালয়ের সুবিধাভোগী শিক্ষার্থীদের ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে সে সকল বিদ্যালয়ের শিক্ষার্থী অভিভাবকের উপবৃত্তির চাহিদা (Demand) প্রস্তুত, যাচাই ও অনুমোদনের কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করা হলো।

১৭-৬-২০২২

সোহেল আহমেদ

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)

ফোন: ৫৫০৭৪৭৭৭

উপজেলা/থানা, জেলা।

ফ্যাক্স: 02-9038122

ইমেইল: dgprimarybd@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সিনিয়র সচিব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
- ৩) অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
- ৪) পরিচালক (অর্থ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
- ৫) জনাব বিলকিস জাহান রিমি, যুগ্ম সচিব, BACS & iBAS++, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) বিভাগীয় উপ-পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, বিভাগ (তঁার বিভাগের সকল উপজেলা/থানায় পত্রের মর্ম মোতাবেক কার্যাদি যথাযথভাবে সম্পন্নে তত্ত্বাবধানের অনুরোধসহ)।
- ৮) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল),..... জেলা (তঁার জেলার সকল উপজেলা/থানায় পত্রের মর্ম মোতাবেক কার্যাদি যথাযথভাবে সম্পন্নে তত্ত্বাবধানের অনুরোধসহ)।
- ৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
- ১০) অফিস কপি।



১৭-৬-২০২২

সোহেল আহমেদ

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)